সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬২

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ সূর্যের রং হলুদ বর্ণ ধারণ করা পর্যন্ত আসরের সালাত বিলম্ব করে আদায় করা মুনাফিকের সালাত

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ تَأْخِيرَ صَلَاةِ الْعَصْرِ إِلَى أَنْ يَقْرُبَ اصْفِرَارُ الشَّمْسِ صَلَاةُ الْمُنَافِقِينَ

আরবী

أَخْبَرَنَا بْنِ خُزَيْمَةَ قَالَ حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ السَّعْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ قَالَ: حَدَّثَنَا الْعَلَاءُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَعْقُوبَ أَنَّهُ دَخَلَ عَلَى أَنَسِ بْنِ مَالِكٍ فِي دَارِهِ بِالْبَصْرَةِ حِينَ انْصَرَفَ مِنَ الظُّهْرِ قَالَ وَدَارُهُ بجنب الْمَسْجِدِ فَلَمَّا دَخَلْنَا عَلَيْهِ قَالَ صَلَّيْتُمُ الْعَصْرَ قُلْنَا إِنَّمَا انْصَرَفْنَا السَّاعَةَ مِنَ الظُّهْرِ قَالَ فَصَلُّوا الْعَصْرَ فَقُمْنَا فَصَلَّيْنَا الْعَصْرَ فَلَمَّا انْصَرَفْنَا قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: "تِلْكَ صَلَاةُ الْمُنَافِقِينَ يَجْلِسُ يَرْقُبُ الشَّمْسَ حَتَّى إِذَا كَانَتْ بَيْنَ قَرْنَيِ الشَّيْطَانِ قَامَ فَنَقَرَهَا أَرْبَعًا لَا يَذْكُرُ اللَّهَ فِيهَا إلا قليلا".

الراوي : الْعَلَاء بْن عَبْدِ الرَّحْمَنِ عَنِ أَنَسِ بْنِ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 262 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৬২. ‘আলা বিন আব্দুর রহমান থেকে বর্ণিত, তিনি একবার যোহরের সালাত সম্পন্ন করে বসরায় অবস্থিত আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহুর বাড়িতে যান। যখন আমরা তাঁর নিকট প্রবেশ করলাম, তখন তিনি আমাদের বললেন: “আপনারা কি আসরের সালাত আদায় করেছেন?”রাবী বলেন, আমরা বললাম: “আমরা তো সবেমাত্র যোহরের সালাত সম্পন্ন করলাম।” রাবী বলেন, তাঁরা আসরের সালাত আদায় করেন ফলে আমরাও দাঁড়িয়ে যাই এবং আসরের সালাত আদায় করি। যখন আমরা সালাত সম্পন্ন করলাম, তখন তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: “এটি মুনাফিকের সালাত। কোন ব্যক্তি বসে থাকে আর সূর্যকে পর্যবেক্ষণ করে এমনকি সূর্য যখন শয়তানের দুই শিংয়ের মাঝখানে অবস্থান করে, তখন সে ব্যক্তি দাঁড়িয়ে যায় অতঃপর চারটি ঠোকর দেয় আর তাতে খুব কমই আল্লাহকে স্মরণ করে।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমা: ৩৩৩; সহীহ মুসলিম: ৬২২; তিরমিযী: ১৬০; নাসাঈ: ১/২৫৪; সুনান আল বাইহাকী: ১/৪৪৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৪৪১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি বর্ণনাকারীঃ আলা ইবনু আবদুর রহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88561

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন